



একজন গণহত্যাকারীর ইচ্ছায় ভারতের পররাষ্ট্রনীতি চলতে পারে না: আখতার



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা আখতার হোসেন বলেছেন, মানবতাবিরোধী অপরাধে অভিযুক্ত ব্যক্তির ইচ্ছা অনুযায়ী ভারতের পররাষ্ট্রনীতি পরিচালিত হতে পারে না। বাংলাদেশের সঙ্গে সুবিচারপূর্ণ সম্পর্ক বজায় রাখতে হলে শেখ হাসিনাকে দ্রুত দেশে ফেরত পাঠানো প্রয়োজন। তিনি বলেন, “ব্যক্তিগত ইচ্ছায় তাকে ভারতে রাখা ভারতের ওপরও নেতিবাচক প্রভাব ফেলবে।”

শনিবার (৬ ডিসেম্বর) বিশ্ব সাহিত্য কেন্দ্র মিলনায়তনে এনসিপি-সমর্থিত ‘ন্যাশনাল প্রফেশনালস অ্যালায়েন্স’-এর আত্মপ্রকাশ অনুষ্ঠানে তিনি এসব মন্তব্য করেন।

আখতার অভিযোগ করেন, শেখ হাসিনার মতো ব্যক্তিদের বিচারের আওতায় না আনলে দেশ এগোতে পারে না। ভারত অতীতেও বাংলাদেশের রাজনীতিতে সুযোগ নেওয়ার চেষ্টা করেছে এবং নির্বাচনসহ বিভিন্ন অপকর্মে জড়িত থেকেছে।

নির্বাচনের তফসিল ঘোষণার আগেই বিএনপি ও জামায়াত অস্ত্রের প্রদর্শনী করছে বলে দাবি করেন তিনি। আখতার বলেন, “পিস্তল উঁচিয়ে মহড়া করে কেউ টিকে থাকতে পারেনি। আওয়ামী লীগও ট্যাংক-সাঁজোয়া বাহিনী দিয়ে শেষপর্যন্ত সরকার টিকিয়ে রাখতে পারেনি। একই পরিণতি অপেক্ষা করছে অস্ত্রনির্ভর রাজনীতির জন্য।”

তিনি আরও বলেন, পেশাজীবীদের মধ্যে বৈষম্য দূর করতে সিডিকেট ভাঙা জরুরি। যোগ্যতার ভিত্তিতে পদোন্নতি নিশ্চিত করতে হবে; তোষামোদের মাধ্যমে সুযোগ-সুবিধা দেওয়ার সংস্কৃতি নতুন বাংলাদেশে স্থায়ী হবে না। আখতার মন্তব্য করেন, “দেশকে সঠিক পথে আনতে রাজনৈতিকভাবে সচেতন পেশাজীবীদের প্রয়োজন। দলীয় স্বার্থে কাউকে ব্যবহার করা হবে না।”